উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.৪৪৮

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০
০৪ জুন ২০২৩

বিষয়: মে, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের মে, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।


মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd


সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: মে ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০১-০৬-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩,১৮৭ | ১০,০৬৮ | ৩,১১৯ | |
| মোট | ১৩,১৮৭ | ১০,০৬৮ | ৩,১১৯ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন- ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৭৩ | ৩৫৩ | ১৯৫৯ | ৬৩৪ | ৩,১১৯ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
অতিরিক্ত পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -২০টি
সমাজসেবা অফিসার/সমমান -১৪৫টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬৪৪.৪৪<br>(ছয়শত চুয়াল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ টাকা) | ৩২০.৬৭৬৬<br>(তিনশত বিশ কোটি সাতষট্টি লক্ষ ছিষট্টি হাজার টাকা)<br>৫০% | - | ০৮/০১/২০২৩ |

খ. **প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৭৭টি<br>অগ্রিম- ১৯১টি<br>মোট- ৪৬৮টি | ১০০,২৯,৪৫,২১২/-<br>৬৮৬,৯০,০০,৯৮৭/-<br>৭৮৭,১৯,৪৬,১৯৯/-<br>(সাতশত সাতাশি কোটি উনিশ লক্ষ ছিচল্লিশ হাজার একশত নিরানব্বই টাকা) | সাধারণ-১৩৮টি<br>অগ্রিম- ১৮৭টি<br>মোট- ৩২৫টি | অগ্রিম -০৬টি<br>টাকার পরিমান ১,৬৬,০৮,২৯৭/-<br>(এক কোটি ছিষট্টি লক্ষ আট হাজার দুইশত সাতানব্বই টাকা) | সাধারণ- ২৭৭টি<br>অগ্রিম- ১৮৫টি<br>মোট= ৪৬২টি<br>টাকার পরিমান<br>১০০,২৯,৪৫,২১২/-<br>৬৮৫,২৩,৯২,৬৯০/-<br>৭৮৫,৫৩,৩৭,৯০২/-<br>(সাতশত পঁচাশি কোটি তিপ্পান্ন লক্ষ সাইত্রিশ হাজার নয়শত দুই টাকা) | ১। বরিশাল বিভাগে ১২টি সাধারণ আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভা ২৩/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ১৩টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য মন্ত্রণালয় হতে ৮/৫/২০২৩ তারিখ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ২টি পত্রের মাধ্যমে ৩৩টি অডিট আপত্তির কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য ২১টি অডিট আপত্তির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ২৮/৪ ২০২৩ তারিখ ৮৪ সংখ্যক পত্র যোগে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৭ | ০১ | ১০৮ | ০০ | ০১ | ০৩ | ০৪ | ৩৯ | ১০৪<br>১ম শ্রেণির ৩৫ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৪ টি,<br>৪র্থ শ্রেণির ২০ টি<br>মোট = ১০৪ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ১০৯৮৭ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৪৩৯৫ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৬৫৯২ জন |
| ২ | সমাজসেবা অধিদপ্তর পরিচালিত আবাসিক প্রতিষ্ঠানসমূহের তত্বাবধায়ক/উপতত্বাবধায়কগণের প্রশিক্ষণ চাহিদা নিরুপন' শীর্ষক কর্মশালা (বরিশাল বিভাগ) | ০৩ মে ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৭০ জন |
| ৩ | 'আইন দ্বারা পরিচালিত প্রতিষ্ঠান সমূহের তত্বাবধায়ক/উপতত্বাবধায়কগণের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ' শীর্ষক কর্মশালা (চট্রগ্রাম বিভাগ) | ০৭ মে ২০২৩ | | ৮০ জন |
| ৪ | 'পদোন্নতিপ্রাপ্ত সমাজসেবা অফিসারদের ওরিয়েন্টশন' কোর্স | ০৭ মে থেকে ১১ মে ২০২৩ | | ৩৮ জন |
| ৫ | হাসপাতাল সমাজসেবা অফিসারদের প্রশিক্ষণ চাহিদা নিরুপন শীর্ষক কর্মশালা (সিলেট বিভাগ) | ১৬ মে ২০২৩ | | ৫০ জন |
| ৬ | 'সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ' শীর্ষক কর্মশালা (খুলনা বিভাগ) | ২০ মে ২০২৩ | | ৭০ জন |
| ৭ | "Probation Officer's Competency Development Course" | ২১ মে থেকে ২৫ মে ২০২৩ | | ৩৫ জন |
| ৮ | সমাজসেবা অফিসার (মিউনিসিপ্যাল) গণের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ শীর্ষক কর্মশালা (রংপুর বিভাগ) | ২৩ মে ২০২৩ | | ৭০ জন |
| ৯ | ৫১ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৮ মে হতে ২৭ জুলাই ২০২৩ | | ৩৫ জন |
| ১০ | Social Services Officer (municipal) Capacity Building and Skill Development কোর্স | ২৮ মে থেকে ০১ জুন ২০২৩ পর্যন্ত | | ৩৫ জন |
| ১১ | পেশাগত দক্ষতা বৃদ্ধি (রিফ্রেশার্স) | ০২ হতে ০৩ মে ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৮ জন |
| ১২ | ওরিয়েন্টেশন কোর্স | ০৭ হতে ১১ মে ২০২৩ | | ৩০ জন |
| ১৩ | ওরিয়েন্টেশন কোর্স | ১৪ হতে ১৮ মে ২০২৩ | | ২৮ জন |
| ১৪ | ওরিয়েন্টেশন কোর্স | ২১ হতে ২৫ মে ২০২৩ | | ২৪ জন |
| ১৫ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৭ হতে ১১ মে ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩০ জন |

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬ | Office Management & ICT Course | ১৪ হতে ১৮ মে ২০২৩ | | ২৭ জন |
| ১৭ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশু সুরক্ষা | ২১ হতে ২৫ মে ২০২৩ | | ৩৩ জন |
| ১৮ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ১২০ জন |
| ১৯ | আর্থিক ও দপ্তর ব্যবস্থাপনা | ০৬ দিন | | ৪৮ জন |
| ২০ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৭ হতে ১১ মে ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ৩২ জন |
| ২১ | অফিস ম্যানেজমেন্ট এন্ড কমিউনিকেশন | ১৪ হতে ১৮ মে ২০২৩ | | ৩০ জন |
| ২২ | অফিস ম্যানেজমেন্ট এন্ড কমিউনিকেশন | ২১ হতে ২৫ মে ২০২৩ | | ২৮ জন |
| ২৩ | Digital Office Management Course On Computer Application | ০৭ হতে ১১ মে ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৪ জন |
| ২৪ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ২১ হতে ২৫ মে ২০২৩ | | ২৮ জন |
| ২৫ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৭ জন |
| ২৬ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | | ৪০ জন |
| ২৭ | অবৈতনিক গৃহস্থালি কাজের মর্যাদা উন্নীতকরণ ও পারিবারিক কার্যক্রমে নারী পুরুষের অংশীদারিত্বমূলক দায়িত্ব বন্টনকে উৎসাহিতকরণ শীর্ষক সেমিনার | ১৮ মে, ২১ মে ও ২২ মে ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ১৯১ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তথ্য অধিকার আইন ও বিধিমালা, ২০০৯ এবং স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | ২৩, ২৪, ২৫, ২৮ ও ২৯ মে ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ২৩৮ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৭৩ জন, ২য় শ্রেণির ৩৫৩ জন, ৩য় শ্রেণির ১৯৫৯ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১১৯ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের উপকারভোগীর মধ্যে প্রায় ১ কোটি ৫ লক্ষ ২৫ হাজার ৩০০ জন উপকারভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় কিস্তির ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯৮.৭৩%। ২০২২-২৩ অর্থবছরে সকল ভাতার ৪র্থ কিস্তির (এপ্রিল-জুন ২০২৩) অর্থ ছাড়ের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০২) ২০২২-২০২৩ অর্থবছরে অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বাজেটে ও সংশোধিত বাজেটে 'পল্লী সমাজসেবা কার্যক্রম: আবর্তক ক্ষুদ্রঋণ' খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ৪র্থ কিস্তি বাবদ ৭ কোটি ৭৬ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২২-২০২৩ অর্থবছরের দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের বরাদ্দকৃত ১ কোটি ৯৩ লক্ষ টাকার মধ্যে ১ম, ২য় ও ৩য় কিস্তির ১ কোটি ৪৪ লক্ষ ৭৫ হাজার টাকা উপজেলা পর্যায়ে বিতরণ করা হয়েছে। ৪র্থ কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের সংশোধিত বাজেটে ২৪ কোটি ৮০ লক্ষ টাকার মধ্যে ৩য় কিস্তি বাবদ ৬ কোটি ৫৬ লক্ষ ৭৫ হাজার টাকা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ৪র্থ কিস্তি বাবদ ৬ কোটি ২৩ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড় ও ব্যয়ের মঞ্জুরি প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৫) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১৪.৩০ কোটি টাকার মধ্যে ২য় ও ৩য় কিস্তির ৭ কোটি ১৫ লক্ষ ৪৮ হাজার টাকা মাঠ পর্যায়ের ৪৮ টি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) ৮০টি শহর সমাজসেবা কার্যালয়ের (ইউসিডি) মধ্যে ২১টি কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম ২৮ মে হতে ৩০ মে ২০২৩ তারিখ পরিচালনা করা হয়।

(০৭) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫২৮টি হাসপাতালে মে ২০২৩ মাসে মোট ৬৩ হাজার ২১১ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৭ হাজার ৫৩২ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৪৫ হাজার ৬৭৯ জন।

সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে মে ২০২৩ মাসে সংগৃহীত ৫২৮টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ১ কোটি ৯ লক্ষ ৬৮ হাজার ২৮ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ২ কোটি ৭২ হাজার ৭৫৭ টাকা।

(০৮) সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা, জাতীয় নাক কান গলা ইনস্টিটিউট ও হাসপাতাল, তেজগাঁও, ঢাকা ও জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এবং জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এই চারটি হাসপাতালে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম চালু করার লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য অধিদপ্তরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৪৪.২৯.০০৩.২২.১৯১ তারিখ ১৪ মে ২০২৩ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৭) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় মে ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৫০৬ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ৩১১ জন প্রবেশনারকে প্রবেশন মেয়াদ শেষে আদালতে অব্যাহতির জন্য চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ৮১ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৬৩ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ১৭৬ জন প্রবেশনারকে পুনর্বাসন করা হয়েছে। কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত মোট ২৯৩ জন ব্যক্তিকে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ২৯৫ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মে ২০২৩ মাসে যাকাত, দান, সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে স্থানীয়ভাবে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৮ লক্ষ ৩৯ হাজার ৫৩৪ টাকা।

(১০) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ মে ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩০ লক্ষ ২৪ হাজার ৬১৮ জন।

(১১) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'সরকারি শিশু সদন/শিশু পরিবার ব্যবস্থাপনা নীতিমালা, ২০০২' অনুযায়ী সরকারি শিশু পরিবারে নিবাসি কল্যাণ তহবিল খুলে তার তথ্যাদি নির্ধারিত "ছকে" জরুরী ভিত্তিতে অধিদপ্তরে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০১.২৩.৩৬ তারিখ ৩০ এপ্রিল ২০২৩ যোগে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) ছোটমনি নিবাস থেকে শিশুর অভিভাবকত্ব প্রদানের লক্ষ্যে 'অভিভাবকত্ব গ্রহণ আইন' প্রণয়নের জন্য গঠিত ০৯ (নয়) সদস্য বিশিষ্ট কমিটির প্রথম সভা ১০ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

(১৩) International Organization for Migration (IOM) কর্তৃক ১০ মে হতে ১১ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত "Capacity Building Workshop on Protection and Assistance to Child Victim of trafficking and Children in Vulnerable Situations" শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন প্রতিষ্ঠানের ০৩ (তিন) জন কর্মকর্তাকে মনোনীত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.১২৫.২২.৭১ তারিখ ৭ মে ২০২৩ তারিখ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) মানবপাচার রোধ সম্পর্কে "Bangladesh Country Report-2022" এর প্রতিবেদন প্রস্তুত করে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.১২৫.২২.২৯৭ তারিখ ০৭ মে ২০২৩ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৫) International Organization for Migration (IOM) কর্তৃক ১০ মে হতে ১১ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত "Capacity Building Workshop on Protection and Assistance to Child Victim of trafficking and Children in Vulnerable Situations" শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সমাজসেবা অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান) কে মনোনীত করে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.১২৫.২২.৭৩ তারিখ ১০ মে ২০২৩ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) Support to Victims of Human Trafficking Development of National Referral Mechanism (NRM) and standard Operating Procedures (SOP) প্রণয়নের জন্য গঠিত কমিটির সভা ১৭ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

(১৭) “সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২: এলেঙ্গা-হাটিকুমরুল-রংপুর মহাসড়ক চারলেনে উন্নীতকরণ” প্রকল্পের আওতাভূক্ত রংপুর জেলার মর্ডানমোড় এলাকায় অবস্থিত সরকারি শিশু পরিবার (বালক), রংপুর এর ৫২.৪০ শতক জায়গা হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকের প্রস্তাব সদয় অনুমোদনের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.১৩৮.০১.৩১৫ তারিখ ২৮ মে ২০২৩ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(১৮) জাতীয় শিশু কল্যাণ বোর্ড এর প্রথম সভা Pearl Conference Room - Ground Room, Hotel Intercontinental, শাহবাগ, ঢাকায় মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ৩১ মে ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

(১০) গ. আগামী ২ মাসে (জুন ২০২৩ ও জুলাই ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরের নিয়মিত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জনকে ৪র্থ কিস্তির ভাতার অর্থ G2P পদ্ধতিতে প্রদান করা হবে। পরবর্তী ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির অর্থ ছাড় করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

(০২) ২০২২-২৩ অর্থবছরের পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের ৪র্থ কিস্তি বাবদ ৭ কোটি ৪২ লক্ষ ৫০ হাজার টাকা এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ৪র্থ কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকার মঞ্জুরি আদেশ পাওয়া গেলে মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৩) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের সংশোধিত বাজেটে ৪র্থ কিস্তি বাবদ ৬ কোটি ২৩ লক্ষ ৭৫ হাজার টাকা দ্রুত মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৪) ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ৮০টি শহর সমাজসেবা কার্যালয়ের মধ্যে অবশিষ্ট ৫৯টি কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পর্যায়ক্রমে পরিচালনা করা হবে।

(০৫) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের ২য় কিস্তির (জানুয়ারি ২০২৩ হতে জুন ২০২৩ পর্যন্ত) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হবে।

(০৬) পবিত্র ঈদ-উল-আজহা ২০২৩ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশনের নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদানের জন্য সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হবে।

(০৭) পবিত্র ঈদ-উল-আজহা ২০২৩ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা হবে।

(০৮) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এস এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৯) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (জুন ২০২৩ ও জুলাই ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

৪/৬/২৩

০৪/০৬/২৩
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

৪/৬/২৩
আদিল মোস্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।